



ISO 9001: 2015 CERTIFIED



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২  
চৌয়লা, নরসিংদী।

E-mail: [narsingdipbs2@yahoo.com](mailto:narsingdipbs2@yahoo.com)  
Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৫.০১.০৪৪.২২.৩৬৯৯

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঃ  
২২/০৫/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ ইউসুফ, সিনিয়র জেনারেল ম্যানেজার, নরসিংদী পবিস-২।  
তারিখ ও সময় : ২১/০৫/২০২২ ইং তারিখ মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকা।  
স্থান : বোর্ড সভা কক্ষ, নরসিংদী পবিস-২ এর চৌয়লাস্থ সদর দপ্তর।  
উপস্থিতি : সমিতির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী।

২১ মে/২০২২ ইং তারিখ “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন” এর নিমিত্তে সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সিনিয়র জেনারেল ম্যানেজার মহোদয় সভার কাজ শুরু করেন। উক্ত সভায় সমিতির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উল্লেখিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	বিষয়	আলোচনা ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	ই-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত	সভায় ই-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। <b>সিদ্ধান্ত সমূহঃ</b> (১) ই-নথিতে নোট উপস্থাপন ও নিষ্পত্তি করণের সংখ্যা বৃদ্ধি করতে হবে। (২) পবিসের সদর দপ্তরের সকল বিভাগের নোট ই-নথিতে উপস্থাপন করতে হবে। (৩) ই-নথিতে উপস্থাপনকৃত নোট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ দ্রুত সময়ে নিষ্পত্তি করবেন। (৪) ই-নথি ব্যবহারের মাধ্যমে পবিসকে কাগজহীন দপ্তরে পরিণত করতে হবে।	
০২	তথ্যবাতায়ন হালনাগাদসংক্রান্ত	সভায় তথ্য বাতায়ন হালনাগাদ করণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। <b>সিদ্ধান্ত সমূহঃ</b> (১) অনলাইন অভিযোগ/পরামর্শ দাখিল, অনলাইন বিদ্যুৎ সংযোগ, এপিআই ভিত্তিক অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধ সেবা, “পল্লী বিদ্যুত সেবা” মোবাইল অ্যাপ, ওয়েবমেইল ইত্যাদি সেবার মাধ্যম সমূহ হালনাগাদ করতে হবে। (২) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ ও হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ।
০৩	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত	সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। <b>সিদ্ধান্ত সমূহঃ</b> (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং ইন্টারনেট ও কম্পিউটার ভিত্তিক যোগাযোগ বৃদ্ধি করতে হবে। (২) ই-গভর্ন্যান্স বাস্তবায়িত হলে সরকারি সেবা ও তথ্য সমূহ জনগণ সহজে পাবে। (৩) উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব স্ব দায়িত্ব পালনে তৎপর ও সচেষ্ট থাকবে। (৪) উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্থ বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কতৃপক্ষের নিকট যথাসময়ে উপস্থাপন করতে হবে।	

অঃপৃঃদঃ



ISO 9001: 2015 CERTIFIED



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২  
চৌয়ালা, নরসিংদী।

E-mail: [narsingdipbs2@yahoo.com](mailto:narsingdipbs2@yahoo.com)  
Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

ক্রমিক নং	বিষয়	আলোচনা ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০৪	একটি উদ্ভাবনী ধারণা/ সেবা সহজি করণ/ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজি করণ/ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। <u>সিদ্ধান্ত সমূহঃ</u> (১) “ডিজিটাল বিল পেমেন্ট সার্টিফিকেট” ওয়েব অ্যাপ্লিকেশনের ব্যবহার চালু করণ। (২) “ডিজিটাল ফোন বুক” মোবাইল অ্যাপটি ব্যবহার করতে হবে। এর ফলে হার্ডকপি প্রিন্ট না করায় প্রিন্টিং ব্যয় কমানো সম্ভব হবে এবং সহজেই কর্মকর্তা/কর্মচারীদের তথ্য নিয়মিত হালনাগাদ করা যাবে। (৩) অনলাইন বিদ্যুৎ সংযোগ সেবা চালু রাখতে হবে। (৪) “দুর্যোগে আলোর গেরিলা” কার্যক্রম যথাযথ ভাবে চালু রাখতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় ভার্চুয়াল সভায় অংশগ্রহণকারী সকলকে সমিতির উন্নয়নকল্পে স্বাস্থ্যবিধি মেনে সকল কাজ করার আহবান জানিয়ে সকলের সুস্বাস্থ্য, সুন্দর ও উজ্জ্বল কর্মজীবন কামনা করে সিনিয়র জেনারেল ম্যানেজার মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২২.০৫.২২  
(মোঃ ইউসুফ)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

- ০১। ডিজিএম, শিবপুর/কুলিয়ারচর/মরজাল/মনোহরদী/নরসিংদী সদর/রায়পুরা জোনাল অফিস/সদর (কারিগরী), নরসিংদী পবিস-২।
- ০২। এজিএম (প্রশাসন/এইচআর/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/আইটি), নরসিংদী পবিস-২।
- ০৩। এজিএম (ওএন্ডএম), করিমপুর/চরসুবুদ্বি/বেলাব/সরারচর সাব-জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
- ০৪। অফিস কপি/মাষ্টার কপি।

  
২২.০৫.২০২২  
(মোছা: আফছানা আক্তার বিথী)  
এজিএম (আইটি)